

PRINT

সমকাল

কমিটি গঠনের প্রতিবাদে তালা, পরীক্ষা বাতিল

ইসলামপুরে জামেদ আলী দাখিল মাদ্রাসা

১১ ঘণ্টা আগে

জামালপুর প্রতিনিধি



কাউকে কিছু না জানিয়ে গোপনে পকেট কমিটি গঠন করায় ক্ষুব্ধ এলাকাবাসী ইসলামপুর জামেদ আলী দাখিল মাদ্রাসায় তালা ঝুলিয়ে দিয়েছে। এতে করে বন্ধ হয়ে গেছে ওই মাদ্রাসার দেড়শ' শিক্ষার্থীর চলতি অর্ধবার্ষিক পরীক্ষা। পরীক্ষা দিতে না পেরে ক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল রোববার মাদ্রাসার সামনের রাস্তায় ঘণ্টাব্যাপী মানববন্ধন ও বিক্ষোভ প্রদর্শন করেছে। গোপন কমিটির বিষয়টি ফাঁস হওয়ার পর থেকেই জনরোষের ভয়ে পালিয়ে রয়েছেন মাদ্রাসা সুপার আব্দুল গফুর। ছাত্র, অভিভাবক ও স্থানীয়রা জানান, ২ জুলাই পর্যন্ত ইসলামপুর জামেদ আলী দাখিল মাদ্রাসার গভর্নিং বডির মেয়াদ রয়েছে। সম্প্রতি কাউকে কিছু না জানিয়ে মাদ্রাসা সুপার আব্দুল গফুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

গোলাম মোস্তফার যোগসাজশে তার অফিসে বসে গোপনে একটি পকেট কমিটি গঠন করেন। ওই কমিটির সভাপতি নির্বাচিত করা হয় বর্তমান সভাপতি ফরিদ উদ্দিন আহাম্মেদকে। কমিটি গঠনের খবর জানাজানি হলে বিক্ষুব্ধ হয়ে ওঠেন এলাকাবাসী ও অভিভাবকরা। অবৈধ পকেট কমিটি গঠনের প্রতিবাদে গতকাল সকালে মাদ্রাসায় তালা ঝুলিয়ে দেন তারা। এ সময় মাদ্রাসা সুপার আব্দুল গফুর ও সহ-সুপার ছামিউল হক মাদ্রাসায় ছিলেন না। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমানের হস্তক্ষেপে সকাল সাড়ে ১১টার দিকে তালা খুলে দেওয়া হয়। মাদ্রাসার সিনিয়র শিক্ষক রবিউল ইসলাম জানান, গতকাল ছিল ইংরেজি দ্বিতীয়পত্রের পরীক্ষা। মাদ্রাসায় তালা লাগানোর কারণে পরীক্ষা বাতিল করতে হয়েছে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com